

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৬. জাতি-বৈষম্যের প্রকটতা: অখাদ্য বিক্রয়

শুধু যুদ্ধ ও হত্যার ক্ষেত্রেই বৈষম্য নয়; পবিত্র বাইবেলের হালাল-হারাম ও পবিত্রতা-অপবিত্রতার বিধানও ধর্মগত নয়, বরং জাতিগত। বনি-ইসরাইলের জন্য যা অখাদ্য তা অন্য জাতির লোককে বিক্রয় করলে বা খাওয়ালে অসুবিধা নেই। এ জাতীয় অনেক বিধানের একটা: "মরে পড়ে থাকা যে কোন প্রাণী তোমাদের জন্য হারাম, কারণ তোমরা তোমাদের মাবুদের উদ্দেশ্যে একটা পবিত্র জাতি (thou art an holy people unto the LORD thy God: কেরি: কেননা তুমি আপন ঈশ্বর সদাপ্রভুর পবিত্র প্রজা)। তোমাদের গ্রাম বা শহরে বাস করা অন্য জাতির কোনো লোককে তোমরা সেটা দিয়ে দিতে পারবে এবং সে তা খেতে পারবে, কিংবা তোমরা কোন বিদেশীর কাছে সেটা বিক্রি করে দিতে পারবে।" (দ্বিতীয় বিবরণ ১৪/২১)

গ্যারি ডেভানি নিম্নের বিচার দৃশ্যকল্প (Court Scenario) লেখেছেন:

বিচারক: (আসামীকে) আপনার বিরুদ্ধে অভিযোগ, আপনি দূষিত মাংস বিক্রয় করেছেন একটা পরিবারের কাছে। সে মাংস খেয়ে দু'জন মারা গিয়েছে এবং একজন মারাত্মকভাবে অসুস্থ। আপনি কিভাবে আত্মপক্ষ সমর্থন করবেন?

আসামী: মহানুভব, আমি নিরপরাধ।

বিচারক: আপনি কি আপনার পক্ষে সাফাই-সাক্ষ্য দিতে চান?

আসামী: জি, হ্যাঁ।

বিচারক: তাকে শপথ করানো হোক।

আসামী: আপনি যদি আমাকে এ বাইবেলটা নিয়ে শপথ করান তবে আমি আপনাকে বাইবেলেরই বিধান দেখিয়ে আমার কর্ম প্রমাণ করব।

বিচারক: আপনার আবেদন গ্রহণ করা হল। কারণ আমি ঈশ্বরে বিশ্বাসী। আমার কোর্টে আপনার দায়িত্ব ঈশ্বর, দেশ, আমাকে এবং কোর্টকে সম্মান দেখান। আপনি কি এ পরিবারের কাছে মাংস বিক্রয় করেছিলেন?

আসামী: জনাব, আপনি যেহেতু ঈশ্বরে বিশ্বাস করেন, সেহেতু আমি আপনাকে সত্য বিষয় জানাব।

বিচারক: আপনি মাংস কোথায় পেয়েছিলেন?

আসামী: আমি দূরের জঙ্গলের মধ্যে একটা মরা পশু থেকে মাংস সংগ্রহ করেছিলাম।

বিচারক: এর অবস্থা কেমন ছিল বলুন।

আসামী: এটা একটু ফুলে গিয়েছিল এবং সামান্য কিছু পোকা দেখেছিলাম। তবে আমি মনে করেছিলাম যে তাতে



কোনো সমস্যা হবে না।

বিচারক: আপনাকে নির্দোষ প্রমাণ করতে আপনি কি দলিল পেশ করবেন?

আসামী: মহানুভব, আপনি যা দিয়ে আমাকে শপথ করালেন, সেই কিং জেমস ভার্শন বাইবেলের দ্বিতীয় বিবরণের ১৪/২১ দেখুন। ঈশ্বর বলছেন: "স্বয়ংমৃত কোনো কিছু ভক্ষণ করবে না; তবে তুমি পরের কাছে তা খাদ্য হিসেবে বিক্রয় করতে পারবে।" ঈশ্বর আমাকে বলছেন যে, আমি অখাদ্য বা পচা মাংস অন্যকে বিক্রয় করতে পারব। এতে যদি সে অসুস্থ হয় বা মারা যায় তবে তা ঈশ্বরের ইচ্ছা, আমার নয়। আমি তো শুধু ঈশ্বরের বাইবেলীয় আদেশ পালন করছি মাত্র। মাননীয় বিচারক, আপনি যদি আমাকে অপরাধী করেন এবং আপনি যদি বাইবেলে বিশ্বাস করেন তবে আপনাকে অবশ্যই ঈশ্বরকেও অপরাধী বলে গণ্য করতে হবে।

বিচারক: কেসটা খারিজ করা হল।[1]

ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id40.html

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14452

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন